গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
www.fisheries.sadar.sunamganj.gov.bd

পত্র নং ঃ ৩৩.০২.৯০৮৯.৫০১.২৭.০০১.২২-০৯ তারিখঃ ০১/০৯/২০২২খ্রিঃ

## কোটেশন বিজ্ঞপ্তি

সরকারী জলমহাল, প্লাবন ভূমি, বর্ষায় প্লাবিত ধানক্ষেত, বিল, হাওর, মরানদী জাতীয় জলাশয়ে পোনা মাছ অবমুক্তি কর্মসূচির অংশ হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় সুনামগঞ্জ সদর উপাজেলায় মোট ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকার কার্প জাতীয় সুস্থ সবল জীবন্ত পোনামাছ সরবরাহ ও অবমুক্তির নিমিত্ত প্রকৃত পোনা মাছ উৎপাদনকারী/সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত ছক ও শর্তাবলী মোতাবেক কোটেশন আহবান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত কোটেশন দলিল আগামী ০৭/০৯/২০২২খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী অফিস হতে (হালনাগাদ ট্রেড লাইসেন্স প্রদর্শন সাপেক্ষে) সংগ্রহ করা যাবে। কোটেশনসমূহ আগামী ০৮/০৯/২০২২খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এর দপ্তরে রক্ষিত কোটেশন বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোটেশন খামের উপর দর দাতার নাম, ঠিকানা, কাজের নাম উল্লেখ করে সীলগালা অবস্থায় দিতে হবে। খামের উপরে ঠিকানা ছাড়াও ০৮/০৯/২০২২খ্রি. তারিখ ১২.৩০ঘটিকার পূর্বে খুলবেন না" উল্লেখ করতে হবে।

| ক্রমিক নং | পোনার প্রজাতি | পোনার আকার | পোনার প্রজাতির শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রুই | ১০-১৫সেঃ মিঃ ( ৪-৬ ইঞ্চি ) | ৩০% | |
| ২ | কাতলা | ১০-১৫সেঃ মিঃ ( ৪-৬ ইঞ্চি ) | ২০% | |
| ৩ | মৃগেল | ১০-১৫সেঃ মিঃ ( ৪-৬ ইঞ্চি ) | ৩০% | |
| ৪ | কালিবাউস | ১০-১৫সেঃ মিঃ ( ৪-৬ ইঞ্চি ) | ১০% | |
| ৫ | ঘনিয়া | ১০-১৫সেঃ মিঃ ( ৪-৬ ইঞ্চি ) | ১০% | |

০১। প্রজাতি ভিত্তিক ছকে উল্লেখিত শতকরা হার অনুযায়ী পৃথকভাবে সুস্থ, সবল, নিরোগ অক্ষত এবং জীবিত পোনামাছ সরবরাহ করতে হবে ।
০২। প্রতি কেজি পোনার গড়মূল্যের উপর সর্বনিম্ন (স্থানীয় বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ) বৈধ কোটেশন দাতার কোটেশন গ্রহন করা হবে এবং তার অনুকূলে পোনা মাছের সরবরাহ আদেশ দেয়া হবে ।
০৩। কোটেশনের দাতা নিজ ব্যয়ে জীবন্ত ও সুস্থ সবল পোনামাছ পরিবহন করে সরবরাহ আদেশে উল্লেখিত তারিখ ও স্থানে সরবরাহ ও অবমুক্তির ব্যবস্থা করতে হবে।
০৪। সরবরাহ আদেশের বর্নিত নির্ধারিত তারিখের আগে বা পরে পোনামাছ সরবরাহ করা হলে সে পোনা গ্রহণ করা হবে না এবং অবশ্যই শতভাগ পোনা সরবরাহ নিশ্চিত করতে হবে ।
০৫। কোটেশনের সাথে হাল সনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।
০৬। মৎস্য ক্ষুদ্র ঋণ খেলাপী পোনা উৎপাদনকারী/সরবরাহকারী কোটেশন দাতা অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবেন।
০৭। সরবরাহকারী নিজে কোটেশন পূরনসহ প্রতি পাতায় স্বাক্ষর করবেন। অসম্পূর্ন কোটেশন বা কোন প্রকার কাটাছেড়া গ্রহনযোগ্য হবে না ।
০৮। কোটেশন গ্রহনের তারিখ হতে ৯০ দিন পর্যন্ত সকল কোটেশন উদ্ধৃত দরহার বলবৎ থাকিবে ।
০৯। স্থানীয় প্রকৃত পোনা উৎপাদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে এবং পোনা সরবরাহ কাজের পূর্ব অভিজ্ঞতা বিবেচনায় আনা হবে ।
১০। পোনামাছ সরবরাহ করার পর ০৩ (তিন) কপি বিল সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এর বরাবর দাখিল করতে হবে
১১। কোটেশন দাতার বিল হতে সরবরাহকারী বিধি অনুযায়ি আয়কর ও ভ্যাট কর্তনপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) বিল পরিশোধ করা হবে ।
১২। পিপিআর ২০০৮ অনুযায়ি বর্ণিত কার্যাদি সম্পাদন করা হবে এবং ২৫ সেপ্টেম্বর, ২০২২খ্রি. তারিখের মধ্যে পোনা অবমুক্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
১৩। জলাভুমি নির্বাচন ও পোনামাছ ক্রয় কমিটি কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহন অথবা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

০১/০৯/২২
(প্রশান্ত দে )
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (নি.বে.)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
☎+০৮৭১-৬১৬৬২
ই-মেইল: sufosunamganjsadar@fisheries.gov.bd

পত্র নং ঃ ৩৩.০২.৯০৮৯.৫০১.২৭.০০১.২২-০৯/১(১২) তারিখঃ ০১/০৯/২০২২খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য :-**

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-০৪, সুনামগঞ্জ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৩। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৪। ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

**সদয় অবগতি ও কার্যার্থে:-**

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৫। জেলা হিসাবরক্ষণ অফিসার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ..........................................অফিসার (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান .......................................... ইউনিয়ন (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৮। জনাব ..........................................।
৯। অফিস নথি।

০১/০৯/২২
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।